



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
শাহবাগ, ঢাকা।  
www.publiclibrary.gov.bd

জাতীয় শোকদিবস ২০২০ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা।

জাতীয় শোকদিবস ২০২০ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা

ক্র.নং.	গুপ্তি	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	আমার চোখে বঙ্গবন্ধু	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	বাঙালির মুক্তিদাতা বঙ্গবন্ধু	১২০০
৩.	গ	মাতক-মাতকোত্তর	১৫ আগস্ট-ইতিহাসের কালো অধ্যায়	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	৬ দফা হতে বাংলাদেশের স্বাধীনতা	১৮০০

খ) চিত্রাংকন প্রতিযোগিতা :

ক্র.নং.	গুপ্তি	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
১.	ক	অনূর্ধ্ব-৭ বছর	উন্মুক্ত
২.	খ	অনূর্ধ্ব-১২ বছর	বঙ্গবন্ধু ও বাংলাদেশ

রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০, কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে ডাকযোগে প্রেরণ করতে হবে। রচনা পৌছানোর শেষ তারিখ ২০.০৮.২০২০।

চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : চিত্রাংকন প্রতিযোগিতায় আর্ট পেপারে স্বহস্তে অংকিত চিত্র সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারে ২০.০৮.২০২০ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে।

শর্তাবলি :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের রচনার ক্ষেত্রে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের আইডি কার্ডের ফটোকপি এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
৫. চিত্রাংকন প্রতিযোগিতার ক্ষেত্রে অংশগ্রহণেছু প্রত্যেক প্রতিযোগীকে লিগ্যাল সাইজের আর্ট পেপারে অংকিত চিত্রের সাথে নাম, পিতা ও মাতার নাম, মোবাইল নম্বর এবং শিক্ষা প্রতিষ্ঠানের আইডি কার্ডের ফটোকপি ও জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ আবুকর সিদ্দিক)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন : ৯৬৭১২৩৪

তারিখ : ২৮.০৭.২০২০ খ্রিঃ।

নং ৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৮.১৮.৩৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১. পরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২. প্রিসিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।
৩. প্রিসিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৪. লাইব্রেরিয়ান/সহকারী লাইব্রেরিয়ান, জেলা/উপজেলা সরকারি গণগ্রন্থাগার,.....।
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৮/১/২০২০  
(এ.এইচ.এম কামরুজ্জামান)

লাইব্রেরিয়ান

ফোনঃ ৫৮৬১৭০১৭